

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কালিহাতি, টাঙ্গাইল।
www.kalihati.tangail.gov.bd

আইন শৃঙ্খলা সম্পর্কিত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব মো. আখতারজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
সভার তারিখ	: ১৫ জুলাই ২০২১ইং
সময়	: সকাল ১০.৩০ ঘটিকা।
সভার স্থান	: ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।
উপস্থিত সদস্যবৃন্দ:	পৃথকভাবে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কালিহাতিকে সভা পরিচালনা করার অনুরোধ করেন। অতপর গত সভার কার্যপত্রে কোন সংশোধনী আছে কিনা জানতে চান এবং কোন সংশোধনী না থাকায় আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিতভাবে অন্যকার সভার কার্যক্রম শুরু করেন।


১। জনাব মো. আলীমুজ্জামান, কো-অপ্ট সদস্য, মুসিপাড়া, কালিহাতি সভায় বলেন, কালিহাতির আইন-শৃঙ্খলা পূর্বের তুলনায় অনেক ভাল আছে। আইন-শৃঙ্খলায় দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তা, কর্মচারীকে আরো বেশি সচেতন থেকে কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। করোনায় আক্রান্ত বাড়িকে লক ডাউনের আওতায় নিয়ে আসার জন্য সবাইকে ভূমিকা পালন করার প্রতি আহ্বান করেন।

২। সভাপতি, আইন-শৃঙ্খলা সম্পর্কিত উপজেলা কমিটি, কালিহাতি সভায় বলেন, সঠিক অপরাধী ব্যক্তি নির্বাচন করতে হবে এবং সেই অনুযায়ী তাদেরকে সাজা দিতে হবে। অপরাধ করেন নাই এমন লোককে সাজার আওতায় আনা যাবে না।

সিদ্ধান্তসমূহ:

- ১। অপরাধ সংঘটিত হওয়ার স্থানগুলো সনাক্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা করার সিদ্ধান্ত গ্রহণ।
- ২। করোনায় আক্রান্ত ব্যক্তির বাড়ি লক ডাউনের আওতায় নিয়ে আসতে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা করার সিদ্ধান্ত গ্রহণ।

অন্যকার সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো. আখতারজ্জামান)

ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ

ও
সভাপতি
আইন-শৃঙ্খলা সম্পর্কিত উপজেলা কমিটি
কালিহাতি, টাঙ্গাইল।

স্বারক নম্বর: ৪৪.০৩.৯৩৪৭.০০৮.৩০.০৭০.২১-১১

তারিখ: ১৬/০৭/২০২১ ইং

অনুলিপি:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ৪। জনাব কো-অপ্ট সদস্য, যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত উপজেলা কমিটি
- ৫। অফিস নথি।

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

ও

সদস্য সচিব
আইন-শৃঙ্খলা সম্পর্কিত উপজেলা কমিটি
কালিহাতি, টাঙ্গাইল।